## উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন কমিটির  সভার কার্য বিবরণী ঃ-

সভাপতি ঃ  মোছাঃ আঞ্জুমনোয়ারা বেগম
মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ।
ফুলছড়ি,গাইবান্ধা।

সভার তারিখ ঃ- ২১/০৮/২০২২খ্রিঃ
সভার সময় ঃ-সকাল ১০.৩০ মিঃ।
সভার স্থান ঃ- উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়।

উপস্থিতি অনুযায়ী হাজিরা "ক" পরিশিষ্ট

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকল কে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সদস্য সচিব ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভাপতির অনুমতিক্রমে এতদসংক্রান্ত প্রাপ্ত ফুলছড়ি উপজেলা পরিষদের সভার কার্যবিবরণী মোতাবেক মহিলা ও শিশু উন্নয়ন কমিটির বিশেষ গুরুত্বপূর্ণ দিকগুলো তুলে ধরেন। মহিলা ও শিশু উন্নয়নে যে ভূমিকা রাখলে অত্র উপজেলায় মহিলা ও শিশুদের উন্নয়ন করা সম্ভব সেদিকগুলো তিনি সভায় উপস্থাপন করেন। সদস্য সচিব উপজেলা পর্যায়ে সকল শিক্ষার্থী ও তাদের পিতা-মাতা/অভিভাবকগণকে নিয়ে শিশুর শারিরীক ও মানুষিক বিকাশ, শিশুর মেধার মূল্যায়ন বাল্য বিবাহ, নারী ও শিশু নির্যাতন, শিশু শ্রম বন্ধ ইত্যাদি বিষয়ে সভায় উপস্থিত সদস্যগণকে সবচেয়ে বেশী গুরুত্ব আরোপের অনুরোধ করেন ।

সভাপতি সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান সহ ব্যবসায়ী সমিতির প্রধানগণের মাধ্যমে জরিপে শিশু শ্রমের সঙ্গে সম্পৃক্ত শিশুদের তালিকা প্রনয়ণ সহ যেসব জায়গায় শিশুরা শ্রমে নিয়োজিত আছে তা চিহ্নিত করে প্রতিকারের ব্যবস্থা গ্রহনে সকল সদস্যকে আহবান জানান।

সিদ্ধান্ত ঃ ১। সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের পিতা মাতা/অভিভাবকদের নিয়ে সমাবেশ করা।
২। সরকারী-বেসরকারী উদ্যোগে মাঠ পর্যায়ে শিশু শ্রম বন্ধে বিভিন্ন জরিপ ও কার্যকর ব্যবস্থা গ্রহন করা।
৩। ইউনিয়ন উপজেলা নারী ও শিশু নির্যাতন কমিটির মাধ্যমে প্রতিটি ইউনিয়ন পরিষদে উঠান বৈঠকের মাধ্যমে জনগণকে সচেতন করা।
৪। নিয়মিত ভাবে রেজুলেশন উপজেলা কমিটিতে দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

আঞ্জুমনোয়ারা 21/08/22

(মোছাঃ আঞ্জুমনোয়ারা)
মহিলা ভাইস চেয়ারম্যান
ও সভাপতি
উপজেলা মহিলা ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটি
ফুলছড়ি,গাইবান্ধা।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
ফুলছড়ি,গাইবান্ধা।

স্মারক নং ঃ- ৩২.০১.৩২২১.০০০.১৪.০০১.২২-১৬৬ তারিখ ঃ- ২১/০৮/২০২২ খ্রিঃ।

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরিত হলো ঃ

১। চেয়ারম্যান,উপজেলা পরিষদ,ফুলছড়ি,গাইবান্ধা
২ । উপজেলা নির্বাহী অফিসার,ফুলছড়ি,গাইবান্ধা।

(মোছাঃ পাপিয়া সুলতানা)
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
ও
সদস্য সচিব
উপজেলা মহিলা ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটি
ফুলছড়ি,গাইবান্ধা।